প্রথম আলো

তারিখ ১৩ NOV ২০১১
পৃ. ২০ কলাম ৩

# স্কুলে স্কুলে শুরু হচ্ছে ভর্তিযুদ্ধ

## সরকারি স্কুলে বাড়ছে আবেদন ফরমের মূল্য

নিজস্ব প্রতিবেদক ●

বছর শেষে বিদ্যালয়গুলোতে শুরু হচ্ছে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম। কোনো কোনো বেসরকারি বিদ্যালয় এরই মধ্যে ভর্তি ফরম বিতরণ শুরু করেছে। বেশির ভাগ বিদ্যালয় প্রস্তুতি নিচ্ছে। রাজধানীর ৩৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির ফরম বিতরণ হবে ডিসেম্বরের শুরু থেকে। আগের মতো আবেদনের কার্যক্রম হবে অনলাইনে। সরকারি বিদ্যালয়গুলোতে আবেদন ফরমের মূল্য ২০ টাকা বেড়ে ১৭০ টাকা হচ্ছে। তবে বেসরকারি বিদ্যালয়ে তা আগের মতোই ২০০ টাকা থাকছে।

গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে ভর্তির নীতিমালা চূড়ান্ত করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক এস এম ওয়াহিদুজ্জামান বলেন, শিগগির লটারি ও ভর্তি পরীক্ষার সময় নির্ধারণ করে বিজ্ঞপ্তি দেওয়া হবে।

মাউশির একজন কর্মকর্তা বলেন, তাঁদের অধীন রাজধানীতে ৩৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় আছে। এর মধ্যে ১৪টিতে প্রথম শ্রেণি চালু আছে। নীতিমালা অনুযায়ী, প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে। নবম শ্রেণি বাদে বাকি

এরপর পৃষ্ঠা ১৬ কলাম ৫

## স্কুলে স্কুলে শুরু

শেষ পৃষ্ঠার পর

শ্রেণিগুলোতে পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে। নবম শ্রেণিতে ভর্তি হবে জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে।

তবে প্রথম শ্রেণিতে ভর্তি নিয়েই সবার আগ্রহ বেশি। ঢাকার যে ১৪টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে সেগুলো হলো আজিমপুর স্কুল অ্যান্ড কলেজ, ধানমন্ডি গভ. ল্যাবরেটরি উচ্চবিদ্যালয়, ধানমন্ডি গভ. বয়েজ উচ্চবিদ্যালয়, তেজগাঁও বালক উচ্চবিদ্যালয়, তেজগাঁও বালিকা উচ্চবিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চবিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, মতিঝিল বালক উচ্চবিদ্যালয়, খিলগাঁও সরকারি হাইস্কুল, নারিন্দা সরকারি উচ্চবিদ্যালয়, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত উচ্চবিদ্যালয়, মোহাম্মদপুর সরকারি উচ্চবিদ্যালয় ও গণভবন সরকারি উচ্চবিদ্যালয়। এই বিদ্যালয়গুলোতে প্রথম শ্রেণিতে আসন প্রায় দেড় হাজার।

মাউশির একজন কর্মকর্তা বলেন, তাঁদের পরিকল্পনা হলো, আগের মতোই ডিসেম্বরের শুরু থেকে ১২ অথবা ১৩ ডিসেম্বরের মধ্যে আবেদন গ্রহণের কাজ শেষ করা। যাচাই-বাছাই শেষে ১৭ ডিসেম্বর থেকে শুরু করে ২০ ডিসেম্বরের মধ্যে লিখিত পরীক্ষা শেষ করা। ডিসেম্বরের শেষ সপ্তাহে প্রথম শ্রেণিতে ভর্তির লটারি শেষ করা।

ভিকারুন নিসা নূন স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণিতে ভর্তির আবেদন ফরম বিতরণ শেষে গতকাল থেকে গ্রহণ করা হচ্ছে। ১৫ নভেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ চলবে।

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ শাহান আরা বেগম বলেন, তাঁদের বিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ শুরু হবে ১৫ নভেম্বর। শেষ হবে ২৫ নভেম্বর। তাঁদের বিদ্যালয়ে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে ভর্তি করা হবে।